



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা ভবন, কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৪০

তারিখঃ ১৮-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৬তম গ্রেডভুক্ত "জিন মেকানিক/অপারেটর" পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	১	মোঃ ইমান হোসাইন পিতা-মোঃ আঃ মজিদ মিয়া মাতা-চন্দ্র বানু বেগম	২০০০০২৪৯	গ্রামঃ কাঠগিরাই ডাকঘরঃ নুনখাওয়া-৫৬০০ উপজেলা/থানাঃ নাগেশ্বরী জেলাঃ কুড়িগ্রাম।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, বগুড়া।
২	২	মোঃ আবুল কালাম আজাদ পিতা-মোঃ মহাশিন আলী মাতা-মোছাঃ জাহিদা বেগম	২০০০০৩৩৩	গ্রামঃ মালক্ষী ডাকঘরঃ ভেকুটিয়া-৭৪০০ উপজেলা/থানাঃ যশোর সদর, জেলাঃ যশোর।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, যশোর।
৩	৩	সজল চন্দ্র দাস পিতা- গোষ্ঠীলাল দাস মাতা- জমলা রানী দাস	২০০০০১১০	গ্রামঃ শ্রীরামপুর ডাকঘরঃ ইকরাম-৩৩০০ উপজেলা/থানাঃ বানিয়াচং জেলাঃ হবিগঞ্জ।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, ময়মনসিংহ।

শর্তাবলী:

- প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;
- চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;
- চাকুরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষণত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৪০

তারিখঃ ২৫-০১-২০২৫ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ময়মনসিংহ।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/রংপুর/যশোর।
৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যশোর/বগুড়া।
৬. সিভিল সার্জন, কুড়িগ্রাম/যশোর/হবিগঞ্জ/বগুড়া/ময়মনসিংহ জেলা।
৭. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, বগুড়া/যশোর/ময়মনসিংহ।
৮. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১০. জনাব মোঃ ইমান হোসাইন, পিতা-মোঃ আঃ মজিদ মিয়া, মাতা-চন্দ্র বানু বেগম, গ্রামঃ কাঠগিরাই, ডাকঘরঃ নুনখাওয়া-৫৬০০, উপজেলা/থানাঃ নাগেশ্বরী, জেলাঃ কুড়িগ্রাম।
১১. জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতা-মোঃ মহাশিন আলী, মাতা-মোছাঃ জাহিদা বেগম, গ্রামঃ মালধী, ডাকঘরঃ ভেকুটিয়া-৭৪০০, উপজেলা/থানাঃ যশোর সদর, জেলাঃ যশোর।
১২. জনাব সজল চন্দ্র দাস, পিতা- গোষ্ঠলাল দাস, মাতা- জমলা রানী দাস, গ্রামঃ শ্রীরামপুর, ডাকঘরঃ ইকরাম-৩৩০০, উপজেলা/থানাঃ বানিয়াচং জেলাঃ হবিগঞ্জ।
১৩. অফিস/ব্যক্তিগত নথি।

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd